ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৭১৯
আগরতলা, ১৫ মে,২০২৫

# প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

'ছড়ার বেদখল মুক্ত করতে সোচ্চার বন্যায় ক্ষতিগ্রস্তরা' শিরোনামে ০৮-০৫-২০২৫ তারিখে দৈনিক সংবাদে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে দক্ষিণ ত্রিপুরা জেলার অন্তর্গত শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক মনোজ কুমার সাহা জানিয়েছেন, মরাছড়া হচ্ছে একটি প্রাকৃতিক নিকাশী ব্যবস্থা যার মাধ্যমে বর্ষার সময় শান্তিরবাজার পুর এলাকার অতিরিক্ত জল নিষ্কাশন করা হয়। এই নিকাশী প্রণালীর দুই পাশে বেআইনী দখল প্রতিরোধ করার লক্ষ্যে শান্তিরবাজার রেভিনিউ সার্কেলের ডি.সি.এম.-এর নেতৃত্বে এক টিম ডিমার্কেশন করেছে। ডিমার্কেশন চলাকালীন সময়ে ২৪-০৪-২০২৫ তারিখে দেখা যায় যে, ক্ষিতিশ দেবনাথ, স্মৃতি ভট্টাচার্য এবং পিন্টু দেবনাথ নামের তিনজন ব্যক্তি বেআইনিভাবে মরাছড়ার (কলাছড়া নামেও পরিচিত) কিছুটা অংশ দখল করে নিয়েছে। শান্তিরবাজার পুরপরিষদের সহযোগিতায় বেআইনিভাবে বেদখল হওয়া পার এলাকা দখলমুক্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে।

*****